100 mm X 265 mm

# Flamex® Gel

Ibuprofen BP 5% w/w

## Composition
**Flamex® Gel**: Each gram gel contains Ibuprofen BP 50 mg.

## Pharmacology
**Flamex® Gel** is the preparation of Ibuprofen which is a phenylpropionic acid derivative which exerts its anti-inflammatory and analgesic effects directly in inflamed tissues underlying the site of application, mainly by inhibiting prostaglandin biosynthesis. Because it is formulated in an aqueous or alcoholic gel, the preparation also exerts a soothing and cooling effect when applied to the affected area.

## Indication
**Flamex® Gel** is indicated for-
- Rheumatic pain
- Joint pain
- Muscle pain
- Back pain
- Sprains and strains
- Sports injury

## Dose and administration
***Route of administration:*** **Flamex® Gel** is for topical use only. Do not take by mouth.

**Adults and children over 14 years:** Apply **Flamex® Gel** up to 3 times a day but no more. Do not use more often than every 4 hours. Always try on a small area first. Use 1 cm to 4 cm each time when using **Flamex® Gel**. Apply the gel as a thin layer over the affected area. Gently rub the gel until it is absorbed. If the pain or swelling continues after using the gel for 2 weeks, consult with physician.

## Contraindication
Ibuprofen is contraindicated in patients with known hypersensitivity to ibuprofen, aspirin or other non-steroidal anti-inflammatory drugs or any components of this product. It is also contraindicated in patients with asthma, rhinitis, itching or rashes.

## Warning and precaution
Apply with gentle massage only. Avoid contact with eyes, mucous membranes and inflamed or broken skin. Discontinue if rash develops. Hands should be washed immediately after use. Not for use with occlusive dressings. This gel is for external use only. Take special care with ibuprofen gel in case of a kidney problem or stomach ulcer and avoid getting this gel on or near the eyes and other sensitive area such as lips, nostrils, genital areas. If this occurs accidentally, wash away with plenty of clean water.

## Side effects
The common side effects of this gel are unexplained wheezing, shortness of breath, blisters or a rash on the skin, itching, redness or bruising of the skin and swelling of the face.

## Use in pregnancy and lactation
Do not use ibuprofen gel if anyone is more than 6 months pregnant. Do not use ibuprofen gel if anyone is breast feeding.

## Drug interaction
**Drug interaction with medication:** Before using ibuprofen gel consult with physician if anyone is taking aspirin, any other pain relieving medicine or any other medicines regularly.

**Drug interaction with food and others:** Not applicable.

## Overdose
Overdose with a topical presentation of ibuprofen gel is unlikely. Symptoms of severe ibuprofen overdose (e.g., following accidental oral ingestion) include headache, vomiting, drowsiness and hypotension. Correction of severe electrolyte abnormalities should be considered.

## Storage
Store in a cool (below 30$^0$C) and dry place protected from light. Keep away from the reach of children.

## Packing
**Flamex® Gel:** Tube contains 30 g gel.

® Registered Trade Mark


**Advanced Chemical Industries Limited**
7, Hajeegonj Road, Godnyl
Narayangonj, Bangladesh


030896

# ফ্ল্যামেক্স® জেল

আইবুপ্রোফেন বিপি ৫% ডব্লিউ/ডব্লিউ

## উপাদান
**ফ্ল্যামেক্স® জেলঃ** প্রতি গ্রাম জেল-এ আছে আইবুপ্রোফেন বিপি ৫০ মিগ্রা।

## ফার্মাকোলজি
**ফ্ল্যামেক্স® জেল** হচ্ছে আইবুপ্রোফেন দ্বারা তৈরি যা একটি ফিনাইলপ্রোপিওনিক এসিড ডেরিভেটিভ যেটি প্রধানত প্রোস্টাগ্ল্যান্ডিন তৈরি প্রতিরোধ করার মাধ্যমে প্রয়োগ স্থানের নিচের ইনফ্লেমড টিস্যুতে প্রদাহবিরোধী ও বেদনানাশক প্রভাব রেখে থাকে। যেহেতু এই জেলটি অ্যাকুয়াস বা অ্যালকোহলিক জেল হিসাবে প্রস্তুত করা হয়, আক্রান্ত স্থানে প্রয়োগের পর এটি আরামদায়ক ও শীতল অনুভূতি তৈরি করে।

## নির্দেশনা
**ফ্ল্যামেক্স® জেল** নিম্নলিখিত ক্ষেত্রে নির্দেশিত-
- রিউমেটিক ব্যথা
- অস্থিসন্ধিতে ব্যথা
- মাংসপেশীতে ব্যথা
- কোমড় ব্যথা
- স্প্রেইন ও স্ট্রেইন
- খেলাধুলা জনিত আঘাত

## সেবনমাত্রা ও প্রয়োগবিধি
***ওষুধ গ্রহণের পথঃ*** **ফ্ল্যামেক্স® জেল** শুধুমাত্র ত্বকীয় ব্যবহারের জন্য। এটি মুখে গ্রহণ করা যাবে না।

**প্রাপ্ত বয়স্ক ও ১৪ বছর এর বেশি বয়সী শিশুঃ ফ্ল্যামেক্স® জেল** দিনে সর্বোচ্চ ৩ বার পর্যন্ত প্রয়োগ করা যেতে পারে। এর বেশি প্রয়োগ করা যাবে না। ৪ ঘন্টা এর কম ব্যবধানে ব্যবহার করা যাবে না। প্রথমে সবসময় অল্প জায়গায় প্রয়োগ করতে হবে। প্রতিবার **ফ্ল্যামেক্স® জেল** ব্যবহার করার সময় ১ সেমি থেকে ৪ সেমি পর্যন্ত ব্যবহার করতে হবে। আক্রান্ত স্থানের উপর পাতলা স্তরে জেলটি প্রয়োগ করতে হবে। শোষিত না হওয়া পর্যন্ত ধীরে ধীরে ত্বকে মালিশ করতে হবে। জেলটি ব্যবহারের ২ সপ্তাহ পরেও যদি ব্যথা বা ফোলা রয়ে যায় তবে চিকিৎসকের শরণাপন্ন হতে হবে।

## প্রতিনির্দেশনা
যাদের আইবুপ্রোফেন, এসপিরিন বা অন্যান্য নন-স্টেরয়ডাল প্রদাহবিরোধী ওষুধ বা এই ওষুধের অন্যান্য উপাদানের প্রতি অতিসংবেদনশীলতা রয়েছে, তাদের ক্ষেত্রে আইবুপ্রোফেন প্রতিনির্দেশিত। এছাড়াও যে সকল রোগীর হাঁপানি, সর্দি, চুলকানি বা র‍্যাশ রয়েছে তাদের ক্ষেত্রে এটি প্রতিনির্দেশিত।

## সাবধানতা ও সচেতনতা
ধীরে ধীরে আক্রান্ত স্থানে প্রয়োগ করতে হবে। চোখ, মিউকাস মেমব্রেন এবং ইনফ্লেমড ও ফাটা ত্বকে ব্যবহার করা যাবে না। র‍্যাশ দেখা দিলে ওষুধ প্রয়োগ বন্ধ করে দিতে হবে। প্রয়োগের পর সাথে সাথে হাত ধুয়ে ফেলতে হবে। ড্রেসিং এর সাথে ব্যবহার করা যাবে না। এই জেলটি শুধুমাত্র বাহ্যিক ব্যবহারের জন্য। যাদের বৃক্কের সমস্যা বা পাকস্থলীতে ক্ষত রয়েছে তাদের ক্ষেত্রে আইবুপ্রোফেন জেল সাবধানতার সাথে ব্যবহার করতে হবে। চোখ, সংবেদনশীল স্থান যেমন ঠোঁট, নাসারন্ধ্র ও যৌনাঙ্গে বা এর নিকটবর্তী স্থানে এই জেল লাগানো যাবে না। যদি দূর্ঘটনাবশত লেগে যায়, সেক্ষেত্রে প্রচুর পরিষ্কার পানি দিয়ে ধুয়ে ফেলতে হবে।

## পার্শ্ব প্রতিক্রিয়া
এই জেলের সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়াগুলো হলো শ্বাসপ্রশ্বাসে বাঁশির মতো শব্দ, শ্বাসকষ্ট, ত্বকে ব্লিস্টার ও র‍্যাশ, চুলকানি, ত্বকে লালচে ভাব বা ক্ষত এবং মুখ ফুলে যাওয়া।

## গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার
গর্ভাবস্থায় প্রথম ৬ মাসের পরবর্তী সময়ে আইবুপ্রোফেন জেল ব্যবহার করা যাবে না। স্তন্যদানকারী মায়েদের ক্ষেত্রে আইবুপ্রোফেন জেল ব্যবহার করা যাবে না।

## ওষুধের প্রতিক্রিয়া
**অন্য ওষুধের সাথেঃ** যদি কেউ এসপিরিন, অন্য ব্যথানাশক ওষুধ বা নিয়মিত অন্য ওষুধ খেয়ে থাকে তবে আইবুপ্রোফেন জেল ব্যবহারের পূর্বে চিকিৎসকের পরামর্শ নিতে হবে।

**খাবার ও অন্য কিছুর সাথেঃ** প্রযোজ্য নয়।

## মাত্রাধিক্য
ত্বকীয় ব্যবহারে ওষুধের মাত্রাধিক্যের ঘটনা বিরল। আইবুপ্রোফেনের মারাত্মক মাত্রাধিক্যের লক্ষণগুলো হলো (দূর্ঘটনাবশত মুখে গ্রহণের ক্ষেত্রে) মাথা ব্যথা, বমি, ঝিম ঝিম ভাব এবং নিম্নরক্তচাপ। ইলেক্ট্রোলাইট মাত্রার মারাত্মক পরিবর্তন হলে সংশোধন করতে হবে।

## সংরক্ষণ
আলো থেকে দূরে, ঠাণ্ডা (৩০°সে. এর নিচে) ও শুষ্ক স্থানে রাখুন। শিশুদের নাগালের বাইরে রাখুন।

## প্যাকিং
**ফ্ল্যামেক্স® জেলঃ** প্রতি টিউবে আছে ৩০ গ্রাম জেল।

® রেজিস্টার্ড ট্রেড মার্ক


**এডভান্সড কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড**
৭, হাজীগঞ্জ রোড, গোদনাইল
নারায়ণগঞ্জ, বাংলাদেশ